গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

বিষয়ঃ বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোহাম্মদ শফিউল আলম, সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় |
| তারিখ | ঃ | ০৭/১০/২০১৫ |
| সময় | ঃ | দুপুর ২.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | মন্ত্রণালয়ের সভাকক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক আকারে দেখানো হল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট), জনাব এ.ইউ.এস.এম সাইফুল্লাহ আলোচ্যসূচি অনুসারে কার্যপত্র উপস্থাপন করেন।

আলোচ্যসূচি-১ : ২০১৫-১৬ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত।

যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ হতে প্রাপ্ত বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত পত্রের নির্দেশনা অনুযায়ী ভূমি মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তরসমূহ হতে অর্থ বিভাগ কর্তৃক প্রেরিত ছক মোতাবেক তথ্য সংগ্রহ করা হয়েছে। বাজেট ওয়ার্কিং গ্রুপের সভায় প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই করা হয়েছে এবং তা সঠিক পাওয়া গেছে। অতঃপর অর্থ বিভাগের নির্দেশনা মোতাবেক সমন্বিত প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রাপ্ত পরিকল্পনাসমূহ অনুমোদন করা যেতে পারে। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত ঃ ১(ক) : ২০১৫-১৬ অর্থ বছরের মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থাসমূহের প্রণীত বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুমোদিত হল এবং পরিকল্পনা মোতাবেক বাজেট বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো

১(খ) : অর্থ বিভাগ থেকে প্রাপ্ত বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত পত্রের নির্দেশনা মোতাবেক ০৮/১০/২০১৫ তারিখের মধ্যে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা এবং প্রত্যেক কোয়ার্টার শেষ হওয়ার পরবর্তী এক মাসের মধ্যে বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে যুগ্মসচিব(বাজেট)কে অনুরোধ করা হলো।

১(গ) : প্রতি অর্থ বছরের জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থাসমূহকে অর্থ বিভাগের ছক মোতাবেক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

আলোচ্যসূচি-২ : ক্রয় পরিকল্পনা অনুমোদন :

যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে ভূমি মন্ত্রণালয়, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, হিসাবনিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর, ভূমি আপীল বোর্ড, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন থেকে ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা পাওয়া গেছে। বাজেট ওয়ার্কিং গ্রুপ এর সভায় ক্রয় পরিকল্পনা সমূহ যাচাই-বাছাই অন্তে বাজেট বাস্তবায়ন কমিটির নিকট অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে। ভূমি সংস্কার বোর্ড হতে ক্রয় পরিকল্পনা পাওয়া যায়নি। তাগিদ দেয়া হয়েছে। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়

সিদ্ধান্ত ২(ক) :প্রাপ্ত ক্রয় পরিকল্পনা সমূহ সভায় অনুমোদন করা হলো এবং ক্রয় পরিকল্পনা যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো ।

(চলমান পাতা-২)

২(খ):প্রতি অর্থ বছরের জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তরসমূহকে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

<u>আলোচ্যসূচি-৩ :</u> যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে গত ১৩/০৭/২০১৫ তারিখের বাজেট ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি আপীল বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "Development of Web Based Land Appeal Case Management Application System and Digital Library for Land Appeal Board" শীর্ষক কর্মসূচির জন্য ২০১৪-১৫ অর্থ বছরে সংশোধিত বাজেটে প্রদর্শিত ৮৭.৯৭ লক্ষ টাকা ছাড়করনের জন্য অর্থ বিভাগের অনুমতি চাওয়া হয়। কিন্তু অর্থছাড় করতে বিলম্ব হওয়ার কারণে উক্ত টাকা পরিশোধ করা সম্ভব হয়নি। চলতি ২০১৫-১৬ অর্থ বছরে ভূমি আপীল বোর্ডের চাহিদা মোতাবেক ৮৭.৯৭ লক্ষ টাকা ছাড়করণের জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হয়। অনুরোধের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ তাদের নথি সূত্র নং-০৭.১১৮.০২০.৪৬.৯৬.০০৪.২০১৪, তারিখ: ১৭/০৯/২০১৫ খ্রিঃ এর উদ্ধৃতাংশের মাধ্যমে নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন

**'' বিগত ২০১১-১২ হতে ২০১৪-১৫ অর্থ বছরে সংশোধিত অনুন্নয়ন বাজেটে প্রদত্ত বরাদ্দের মধ্যে উল্লেখযোগ্য পরিমাণ অব্যয়িত সমর্পণ করা হয়েছে। বিগত ০৪ অর্থবছরের ব্যয়ের ধারাবাহিকতা/সক্ষমতা বিবেচনায় '' ডেভেলপমেন্ট অব ওয়েব বেইজড ল্যান্ড আপিল কেস ম্যানেজমেন্ট এপ্লিকেশন সিস্টেম ফর ল্যান্ড আপিল বোর্ড'' শীর্ষক কর্মসূচিটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অতিরিক্ত ৮৭.৯৭ লক্ষ টাকা ভূমি মন্ত্রণালয়কে চলতি ২০১৫-১৬ অর্থবছরে প্রদত্ত অনুন্নয়ন বাজেট বরাদ্দ ৬৯১.০০ কোটি টাকার মধ্যে যে খাত/কোডের বরাদ্দ সম্পূর্ণ ব্যয় করা সম্ভব/প্রয়োজন হবে না, সে ধরনের এক বা একাধিক কোডের বরাদ্দ হতে পুনঃউপযোজনের মাধ্যমে সংস্থান করে ব্যয় নির্বাহ করা যেতে পারে''।**

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৩(ক):অর্থ বিভাগের প্রাপ্ত নির্দেশনা মোতাবেক চলতি ২০১৫-১৬ অর্থ বছরের ভূমি মন্ত্রণালয়ের বরাদ্দকৃত অর্থ হতে যেসমস্ত খাতে সম্পূর্ণ অর্থ ব্যয় করা সম্ভব হবে না সে সকল এক বা একাধিক খাত হতে পুনঃউপযোজনের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ৮৭.৯৭ লক্ষ টাকা প্রদান করার জন্য যুগ্মসচিব (বাজেট)কে অনুরোধ করা হলো।

<u>আলোচ্যসূচি-৪ :</u> যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে ভূমি মন্ত্রণালয়ের অধীন ভূমি সংস্কার বোর্ড কর্তৃক বাস্তবায়িতব্য চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও রংপুর বিভাগের ভূমি অফিসে আইটি নেটওয়ার্কিং স্থাপন শীর্ষক কর্মসূচি বাবদ মোট ২৪১৪.০৮ লক্ষ টাকা বরাদ্দের জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলে অর্থ বিভাগ বিগত ২০১৪-১৫ অর্থ বছরে ৯৬৭.৬৩ লক্ষ টাকা ব্যয়ে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক সমাপ্ত "ঢাকা বিভাগের ঢাকা সিটি কর্পোরেশন এলাকাসহ ১৭টি জেলার ১৩৩টি উপজেলা/সার্কেল ভূমি অফিস ও বিদ্যুৎ সংযুক্ত ৭৪৮ টি ইউনিয়ন/পৌর/সার্কেল ভূমি অফিস এবং সিলেট বিভাগের ৩৮টি উপজেলা ভূমি অফিস ও বিদ্যুৎ সংযুক্ত ১৩৭টি উইনিয়ন/পৌর ভূমি অফিসে আইটি নেটওয়াকিং স্থাপন" শীর্ষক কর্মসূচিটি মূল্যায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন। এ বিষয়ে অর্থ বিভাগের প্রতিনিধি সিনিয়র সহকারী সচিব, ফারজানা আহমেদ জানান যে, মূল্যায়নের জন্য অর্থ বিভাগের একটি মনিটরিং সেল রয়েছে। বিষয়টি উক্ত সেলের মাধ্যমে মূল্যায়ন করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৪(ক) :ভূমি সংস্কার বোর্ডের সমাপ্ত আইটি নেটওয়ার্কিং স্থাপন কর্মসূচি মূল্যায়ন পূর্বক প্রতিবেদন দেওয়ার জন্য অর্থ বিভাগের মনিটরিং সেল বরাবরে অনুরোধ জানাতে যুগ্মসচিব(বাজেট)কে অনুরোধ করা হলো।

<u>আলোচ্যসূচি- ৫:</u> যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে ২৯/০৬/২০১৫ খ্রিঃ তারিখের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের অধীন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক অনুন্নয়ন বাজেট হতে বাস্তবায়নাধীন "ডিজিটাল পদ্ধতিতে বিদ্যমান মৌজা ম্যাপ শিটসমূহ সংরক্ষণ, পুন:মুদ্রণ এবং দ্রুত সরবরাহ নিশ্চিতকরণ শীর্ষক কর্মসূচির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে

(চলমান পাতা-৩)

১(এক) বছর মেয়াদ বৃদ্ধি করে কর্মসূচিটি বাস্তবায়নের লক্ষ্যে ২০১৫-১৬ অর্থ বছরে পুনরায় পূর্বের অনুমোদিত পিপিএনবি অনুযায়ী ৮৪০.৩০ লক্ষ টাকা বরাদ্দের জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হয়েছিল । অর্থ বিভাগ হতে বিগত ২০১৪-১৫ অর্থ বছরে বরাদ্দকৃত ৮৪০.৩০ লক্ষ টাকা হতে ১ম ও ২য় কিস্তি বাবদ ছাড়কৃত ৪২০.১৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে কিনা এ বিষয়টি স্পষ্টীকরণ (প্রমানিক কাগজপত্রসহ) এবং কর্মসূচির মেয়াদ ০১ বছর (জুন, ২০১৬ পর্যন্ত) বৃদ্ধির পাশাপাশি ভূমি মন্ত্রণালয়ের কোন কোডে ৮৪০.৩০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে কিনা এ বিষয়টি জানতে চাওয়া হয়েছে। গত ১৭/০৯/২০১৫ খ্রিঃ তারিখে ২১৮ নং স্মারকে অর্থ মন্ত্রণালয়ের উদ্ধৃতাংশ টি পত্রের মাধ্যমে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে জানানো হয়েছে। এ বিষয়ে কোন তথ্য/প্রতিবেদন অদ্যাবধি পাওয়া যায়নি। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৫(ক) : প্রয়োজনীয় তথ্য প্রেরণের জন্য মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে অনুরোধ করা হলো।

৫(খ): তথ্য প্রাপ্তি সাপেক্ষে দ্রুত উহা অর্থ বিভাগে প্রেরণের জন্য যুগ্মসচিব(বাজেট)কে অনুরোধ করা হলো।

**আলোচ্যসূচি -৬ :** বিবিধ।

সিনিয়র সচিব মহোদয় সভায় জানান যে, বাজেটে প্রণয়নের সাথে সংশ্লিষ্ট অনেকেরই বাজেট সম্পর্কে সঠিক ধারনার অভাব রয়েছে, তাই বাজেট বাস্তবায়নের সঙ্গে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের আওতায় আনা প্রয়োজন। আলোচনান্তে বিষয়টি সকলেই সমর্থণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৬(ক): মন্ত্রণালয় ও উহার আওতাধীন সংস্থা সমূহের বাজেট প্রণয়নের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের পর্যায়ক্রমে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রশিক্ষণ কর্মসূচিতে অর্থ বিভাগের অভিজ্ঞ কর্মকর্তাগণদের সম্পৃক্ত করে প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্মসচিব(বাজেট)কে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

(মোহাম্মদ শফিউল আলম)
সিনিয়র সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, ভূমি মন্ত্রণালয়।